গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর
চট্টগ্রাম বিভাগ
স্বাস্থ্য ভবন, ৫নং লয়েল রোড, চট্টগ্রাম।
Web: dghs.chittagongdiv.gov.bd

স্মারক নং- বিঃপঃস্বাঃচঃ/প্রাকৃতিক দুর্যোগ/প্রশা-২০২৩/১০৬৭২ তারিখঃ- ০৭/০৮/২০২৩ খ্রিঃ।

# "জরুরী নির্দেশনা"

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌসুমী বায়ুর প্রভাবে সারা দেশের ন্যায় চট্টগ্রাম বিভাগের প্রায় সকল জেলায় ভারী বর্ষণসহ কোথাও কোথাও অতিভারী বর্ষণ হচ্ছে। আবহাওয়া অধিদপ্তরের তথ্য মতে আগামী ৭২ ঘন্টায় এই অবস্থার পরিবর্তন হতে পারে। অতিবৃষ্টি জনিত প্রাকৃতিক দূর্যোগ (বন্যা, জলাবদ্ধতা, পাহাড়ধ্বস) মোকাবেলায় নিম্ন বর্ণিত পদক্ষেপ গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ-

০১। জেলা এবং উপজেলার সকল মেডিকেল টিম প্রস্তুত রাখতে হবে।
০২। প্রয়োজনীয় সংখ্যক খাওয়ার স্যালাইন ও ঔষধ মজুদ রাখতে হবে।
০৩। সাপে কাঁটা রোগীর জন্য প্রয়োজনীয় সংখ্যক এন্টিভেনম মজুদ রাখতে হবে।
০৪। প্রয়োজনীয় সংখ্যক পানি বিশুদ্ধকরন ট্যাবলেট মজুদ রাখতে হবে।
০৫। প্রতিষ্ঠান প্রধানসহ প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক এবং সহায়ক কর্মচারীগনের কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে হবে।
০৬। স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের অ্যাম্বুলেন্স সমূহ প্রয়োজনীয় জ্বালানীসহ প্রস্তুত রাখতে হবে।
০৭। যে সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে ওয়াটার অ্যাম্বুলেন্স সচল আছে সে সকল ওয়াটার অ্যাম্বুলেন্স সমূহ মেডিকেল টিম এবং প্রয়োজনীয় জ্বালানীসহ প্রস্তুত রাখতে হবে।
০৮। পানিতে যেন যন্ত্রপাতি এবং ঔষধপত্র নষ্ট না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। প্রয়োজনে যন্ত্রপাতি ও ঔষধপত্র সমূহ উচু স্থানে সরিয়ে নিতে হবে।
০৯। অতিবৃষ্টির কারনে যেন জনগনের চিকিৎসা সেবা ব্যহত না হয় সেদিকে কঠোর দৃষ্টি রাখতে হবে।

**"বিষয়টি অতীব জরুরী"**

(ডাঃ মোঃ মহিউদ্দিন)
বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
ফোনঃ- ০২ ৩৩৩৩ ৫৪১২৯
E-mail: cdho@ld.dghs.gov.bd

**অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলোঃ-**
০১। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল/জেলা সদর হাসপাতাল............(সকল), চট্টগ্রাম বিভাগ।
০২। সিভিল সার্জন ...............(সকল), চট্টগ্রাম বিভাগ।
০৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা..........(সকল), চট্টগ্রাম বিভাগ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**
০১-০৩। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
০৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
০৬। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৭-১২। জেলা প্রশাসক......(সকল), চট্টগ্রাম বিভাগ।
১৩-১১৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা.........(সকল), চট্টগ্রাম বিভাগ।
১১৭। ম্যানেজার, সরকারী মেডিকেল সাব-ডিপো, আগ্রাবাদ, চট্টগ্রাম।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর
চট্টগ্রাম বিভাগ
স্বাস্থ্য ভবন, ৫নং লয়েল রোড, চট্টগ্রাম।
Email:- cdho@ld.dghs.gov.bd
Web: www.dghs.chittagongdiv.gov.bd

স্মারক নং- বি:প:স্বা:চ:/প্রাকৃতিক দূর্যোগ/প্রশা-২৩/ ৫৫৪০ তারিখ ঃ-১০/০৫/২০২৩ খ্রিঃ।

# " জরুরী নির্দেশনা "

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে। আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ঘূর্ণিঝড় "মোখা" যে কোন সময় উপকূলীয় অঞ্চল অতিক্রম করতে পারে। সম্ভাব্য ঘূর্ণিঝড়/প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি এবং নিম্নোক্ত সতর্কতা মূলক পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো ঃ-

১। জেলা এবং উপজেলা পর্যায়ে পর্যাপ্ত মেডিকেল টিম প্রস্তুত রাখতে হবে।
২। খাবার স্যালাইনসহ জরুরী প্রতিরোধ ও প্রতিষেধক ঔষধ ও উপকরণ উপকূলবর্তী জেলায় পর্যাপ্ত মজুদ রাখতে হবে।
৩। প্রয়োজনীয় সংখ্যক পানি বিশুদ্ধকরন ট্যাবলেট এবং সাপে কাঁটা রোগীর জন্য প্রয়োজনীয় সংখ্যক এন্টিভেনম মজুদ রাখতে হবে।
৪। উপকূলবর্তী এলাকায় মাঠ কর্মীদের (স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য সহকারী সহ অন্যান্য) মাধ্যমে উপদ্রুত অঞ্চলে নিয়মিত পরিদর্শন এবং সচেতনতামূলক কার্যক্রম গ্রহন করতে হবে।
৫। কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গুলোতে সার্বক্ষনিক চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে।
৬। যে কোন দূর্যোগ মোকাবেলায় প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীর নৈমিত্তিক ছুটি বাতিল সহ প্রতিষ্ঠান প্রধান ও চিকিৎসকগণের কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে হবে।
৭। স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের এ্যাম্বুলেন্স সমূহ প্রয়োজনীয় জ্বালানীসহ প্রস্তুত রাখতে হবে।
৮। যে সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে ওয়াটার এ্যাম্বুলেন্স সচল আছে সে সকল ওয়াটার এ্যাম্বুলেন্স সমূহ মেডিকেল টিম এবং প্রয়োজনীয় জ্বালানীসহ প্রস্তুত রাখতে হবে।
৯। নিয়ন্ত্রণ কক্ষ চালু রাখতে হবে।
১০। সর্বোপরী সম্ভাব্য ঘূর্ণিঝড়/প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় জনপ্রতিনিধি ও প্রশাসনের সহিত সমন্বয় সাধন করে প্রয়োজনীয় প্রস্তুতি ও সতর্কতামূলক কার্যক্রম গ্রহন করা যেতে পারে।

১০.৫.২৩
(ডাঃ মোঃ মহিউদ্দিন)
বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

বিতরণ কার্যার্থে ঃ-

১. তত্ত্বাবধায়ক, ২৫০-শয্যা বিশিষ্ট জেনারেল/জেলা সদর হাসপাতাল....................(সকল), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
২. সিভিল সার্জন....................(সকল), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা....................(সকল), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
দৃ:আ:- সচিব মহোদয়ের একান্ত সচিব।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃ:আ:- সহকারী পরিচালক (সমন্বয়)।
৩. অতিরিক্ত মহাপরিচালক, (প্রশাসন)/(পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৫. পরিচালক, রোগ নিয়ন্ত্রন ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৬. জেলাপ্রশাসক....................(সকল), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৭. সহকারী পরিচালক (প্রশাসন), অত্র দপ্তর।
৮. চীফ অব ফিল্ড অফিস, ইউনিসেফ, চট্টগ্রাম।
৯. বিভাগীয় সমন্বয়কারী, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

CamScanner